# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা ২য় পত্র (সৃজনশীল) বিষয় কোড : ২৪০

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

**[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]**

১। মাছ দেশের প্রাণিজ ও প্রাকৃতিক সম্পদের মধ্যে অন্যতম। দেশের আবহাওয়া, জলবায়ু, মাটি ও পানি মাছ চাষের অনুকূল থাকায় প্রচুর মাছ উৎপাদন করা যায়। কিন্তু সঠিকভাবে পরিচর্যা ও সংরক্ষণের অভাবে দেশে প্রচুর পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জনে ব্যর্থ হচ্ছে।

ক. মাছের ছত্রাক আক্রান্ত একটি রোগের নাম লেখ। ১

খ. গলদা চিংড়ি ও বাগদা চিংড়ির মাঝে পার্থক্য লেখ। ২

গ. উদ্দীপকের আলোকে আধুনিক পদ্ধতিতে মাছ সংরক্ষণ পদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ. শিক্ষিত বেকার যুবকরা কীভাবে মৎস্য সম্পদের মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন করতে পারে, ব্যাখ্যা কর। ৪

২। হাঁস-মুরগির বাচ্চা উৎপাদনের জন্য জনাব আতিক যশোরে একটি বৃহৎ খামার স্থাপন করেন। তিনি বিশেষজ্ঞদের মতামত নিয়ে ইনকিউবেটরে আধুনিক পদ্ধতিতে বাচ্চা উৎপাদন করেন। এ খামার থেকে তিনি বাচ্চার পাশাপাশি ডিম ও হাঁস-মুরগি বিক্রি করেন। প্রাকৃতিক পদ্ধতিতে উৎপাদিত বাচ্চার চেয়ে জনাব আতিকের খামারে উৎপাদিত মুরগির বাচ্চার চাহিদা বাজারে বেশি।

ক. ইনকিউবেটর কী? ১

খ. হাঁস পালনের গুরুত্ব লেখ। ২

গ. মুরগির বাচ্চা উৎপাদনে উদ্দীপকে উল্লেখিত পদ্ধতি দুইটির মধ্যে তুলনা কর। ৩

ঘ. জনাব আতিকের আধুনিক পদ্ধতিতে ডিম ফোটানোর কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

৩। সিয়াম মাংস ও ডিম উৎপাদনকারী মুরগির জাতের একটি খামার করেন। তিনি মাংস ও ডিম উৎপাদন করে লাভবান হন। মাংস ও

http://teachingbd.com

ডিমের চাহিদা অনেক বেশি। ফলে বর্তমানে বাংলাদেশে এই শিল্পের অনেক সম্ভাবনা রয়েছে।

ক. পোল্ট্রি কাকে বলে? ১

খ. পোল্ট্রির প্রয়োজনীয়তা লেখ। ২

গ. উদ্দীপকের আলোকে মাংস ও ডিম উৎপাদনকারী একটি মুরগির জাতের বৈশিষ্ট্য লিখ। ৩

ঘ. বাংলাদেশে পোল্ট্রি শিল্পের অনেক সম্ভাবনা রয়েছে– বিষয়টি মূল্যায়ন কর। ৪

৪। বর্তমান যুগে কৃষি, শিল্প এবং খাদ্য উৎপাদন ছাড়াও বৈদেশিক মুদ্রা অর্জন ও আত্মকর্মসংস্থানে গৃহপালিত পশু অবদান রাখতে পারে। কিন্তু যথাযথ জ্ঞান ও অন্যান্য কারণে এ খাতে উন্নতি করা যাচ্ছে না।

ক. ব্যাকটেরিয়া আক্রান্ত গরুর একটি রোগের নাম লেখ। ১

খ. হলস্টিন ফ্রিজিয়ান জাতের বৈশিষ্ট্য লেখ। ২

গ. উদ্দীপকের আলোকে গবাদিপশু খাতে উন্নয়নের অন্তরায়গুলো আলোচনা কর। ৩

ঘ. 'গবাদিপশু খুলে দিতে পারে উন্নয়নের জোয়ার'– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫। পৃথিবীর উন্নত দেশগুলোতে বর্তমানে স্বাস্থ্যসম্মতভাবে আধুনিক পদ্ধতিতে দুধ দোহন করা হয়। স্বাস্থ্যসম্মত উপায়ে দুধ দোহন না করলে গাভী নানাবিধ রোগ ব্যাধিতে আক্রান্ত হওয়ার সম্ভাবনা থাকে। এছাড়া সঠিকভাবে দুধ সংরক্ষণ না করলে দুধ বেশি সময় ভালো থাকে না।

ক. পাস্তুরিকরণ কী? ১

খ. বিশুদ্ধ দুধ উৎপাদনে করণীয় বিষয়গুলো লেখ। ২

গ. দুধ সংরক্ষণে সবচেয়ে উন্নত পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের ডেইরি শিল্পের উন্নয়নে মানসম্মত দুগ্ধ উৎপাদনের গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৬। কোনো দেশের পরিবেশের ভারসাম্য রক্ষায় মোট আয়তনের প্রায় ২৫ ভাগ বনভূমি থাকা প্রয়োজন। কিন্তু বাংলাদেশের আছে শতকরা

Teachingbd.com

১০.৮ ভাগ বনভূমি। সরকার দেশের বনভূমির মোট পরিমাণ বৃদ্ধি করতে এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় সারা দেশে বৃক্ষ রোপণের উপর জোর দিয়েছে। এছাড়া যে সকল বনভূমি আগে থেকেই আছে তার পরিচর্যা করছে এবং বন রক্ষায় কঠোর আইন প্রণয়ন করেছেন।

ক. জীববৈচিত্র্য কী? ১

খ. জীববৈচিত্র্য সংরক্ষণে বনের গুরুত্ব লেখ। ২

গ. পূর্ব থেকেই বাংলাদেশে বিদ্যমান রয়েছে এমন যে কোনো একটি বনের বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বন কীভাবে পরিবেশের ভারসাম্য রক্ষা করে ব্যাখ্যা কর। ৪

৭। অমিত গাজীপুর জেলার একজন বাসিন্দা। সে তার বাড়ির আশপাশে গাছপালা লাগিয়ে বনায়ন তৈরি করল। এতে এলাকাবাসী উপকৃত হলো।

ক. বন কী? ১

খ. ম্যানগ্রোভ ও পাহাড়ি বনের পার্থক্য লেখ। ২

গ. অমিত তার বাড়ির আশপাশে যে বনায়ন করল তার বর্ণনা দাও। ৩

ঘ. 'এলাকাবাসী বনায়নের মাধ্যমে অর্থনৈতিকভাবে লাভবান হলো'– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। কৃষকের ফসল উৎপাদনের জন্য উচ্চ ফলনশীল বা হাইব্রিড বীজ ক্রয়, সার, সেচ, কীটনাশক, খামার, যন্ত্রপাতি প্রভৃতি কেনার জন্য নগদ অর্থের প্রয়োজন পড়ে। এজন্য চাষিরা বিভিন্ন উৎস থেকে ঋণ গ্রহণ করেন। যেমন– ব্যাংক, এনজিও, সমবায় সমিতি, গ্রাম্য মহাজন ও BRDB ইত্যাদি।

ক. খামার কী? ১

খ. খামারের শ্রেণিবিভাগ লেখ। ২

গ. উদ্দীপকে কত প্রকার ঋণের কথা বলা হয়েছে? উক্ত ঋণের ব্যবহার আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের অধিকাংশ কৃষকের ঋণপ্রাপ্তির উৎস আলোচনা কর। ৪

http://teachingbd.com

# কৃষিশিক্ষা ২য় পত্র

বিষয় কোড : ২৪০

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. কৃষি সমবায় একটি?**
ক একক কার্যক্রম　খ অভিন্ন কার্যক্রম
গ সমন্বিত কার্যক্রম　ঘ রাষ্ট্রীয় কার্যক্রম

**উদ্দীপকটি পড়ো এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
তপুর ধানক্ষেতে জরুরি সার দেওয়া প্রয়োজন। কিন্তু তার সার ক্রয়ের টাকা নেই। চিন্তিত তপু উপায় না পেয়ে স্ত্রীর গহনা বন্ধক রেখে হাজার টাকা উচ্চহারে ঋণ নিয়ে সার ক্রয় করে জমিতে দেয়।

**২. তপু কোন উৎস থেকে ঋণ নিয়েছে?**
ক গ্রাম্য মহাজন　খ ফড়িয়া　গ দালাল　ঘ এনজিও

**৩. তপুর অপ্রাতিষ্ঠানিক উৎস থেকে ঋণ নেয়ার কারণ–**
i. ক্ষুদ্র ঋণ　ii. দ্রুত পাওয়া যায়　iii. ঝামেলা কম
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**৪. বৃক্ষকে সুন্দর কাঠামো দেওয়ার জন্য একই সাথে শাখা-প্রশাখা ছাঁটাই করাকে কী বলে?**
ক প্রুনিং　খ ব্রুনিং　গ ড্রেসিং　ঘ ট্রেনিং

**৫. রোড আইল্যান্ড রেড মুরগির উৎপত্তি কোন দেশে?**
ক আমেরিকা　খ রাশিয়া　গ অস্ট্রেলিয়া　ঘ সুইডেন

**৬. মাছের ফুলকা পচা রোগের কারণ কী?**
ক প্রোটোজোয়া　খ ভাইরাস　গ ব্যাকটেরিয়া　ঘ ছত্রাক

**৭. মাৎস্য চাষের ইংরেজি প্রতিশব্দ কী?**
ক Apiculture　খ Aquaculture
গ Pisciculture　ঘ Sericulture

**৮. বাংলাদেশের মোট জাতীয় উৎপাদনে মৎস্য খাতের অবদান কত?**
ক ২.৪৯%　খ ৩.৪৯%　গ ৪.৩৯%　ঘ ৫.৪৯%

**উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :**
শাহ ফরিদ ৫০টি লেয়ার মুরগি পালনের জন্য একটি ঘর তৈরি করলেন। মেঝে পাকা করে তারজালের বেড়া দিলেন এবং প্রতিটি লেয়ার মুরগির জন্য ঘরে প্রয়োজনীয় জায়গা হিসেবে ধরে মেঝেতে পুরু লিটারের ব্যবস্থা করলেন।

**৯. হাঁস-মুরগির ঘরে মেঝে থেকে কত সে.মি. উঁচু করে তারজাল দিয়ে বেড়া দিতে হয়?**
ক ১০০ সে.মি.　খ ১২৫ সে.মি.　গ ১৫০ সে.মি.　ঘ ২০০ সে.মি.

**১০. শাহ ফরিদের লেয়ার মুরগির ঘরে লিটার ব্যবহারের কারণ–**
i. ডিম যাতে না ভাঙে　ii. ঘর ময়লামুক্ত রাখা
iii. মুরগির আরামদায়ক ব্যবস্থা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**১১. লেয়ার মুরগি কত দিন খামারে থাকে?**
ক ১ বছর　খ ২ বছর　গ ১৫ মাস　ঘ ১৮ মাস

**১২. ফুটানোর উপযোগী ডিমের বয়স গ্রীষ্মকালে কত দিন হবে?**
ক ৭-১০ দিন　খ ৩-৪ দিন　গ ৪-৫ দিন　ঘ ৬-৮ দিন

**১৩. গরিবের গাভী কোনটি?**
ক গরু　খ ছাগল　গ ভেড়া　ঘ মহিষ

**১৪. গৃহপালিত পশুর বাসস্থান তৈরি করতে হয়–**
i. উঁচু ও বন্যামুক্ত এলাকায়　ii. ভালো যাতায়াত ব্যবস্থায়
iii. আলো-বাতাস প্রবেশ করে এমন স্থানে
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**১৫. দুধ সংরক্ষণের সবচেয়ে উন্নত পদ্ধতি কোনটি?**
ক গুঁড়ো করে　খ পাস্তুরিকরণ করে　গ ডিপফ্রিজে রেখে　ঘ ফুটিয়ে

**১৬. বাংলাদেশের দেশি জাতের ছাগলের নাম কী?**
ক যমুনাপাড়ি　খ সাদা ছাগল　গ ব্ল্যাক বেঙ্গল　ঘ কালো ছাগল

**১৭. হলস্টিন ফ্রিজিয়ান দৈনিক কত লিটার দুধ দেয়?**
ক ১৫-২০　খ ১২-১৫　গ ৩৫-৪০　ঘ ২০-২৫

**১৮. বসতভিটা ও পুকুর পাড়ের বৃক্ষরোপণ হচ্ছে এক ধরনের–**
i. প্রাকৃতিক বনায়ন　ii. সামাজিক বনায়ন　iii. কৃত্রিম বনায়ন
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**১৯. দীর্ঘদিন কৃষি ঋণের অন্তর্ভুক্ত হলো–**
i. সার, বীজ ও কীটনাশক ক্রয়
ii. উন্নত কৃষি যন্ত্রপাতি ও গবাদিপশু ক্রয়　iii. গভীর নলকূপ স্থাপন
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**২০. শস্য পঞ্জিকার সুবিধা হলো–**
i. ঋণ প্রদানে সুবিধা
ii. ফসলের জীবনকাল সম্বন্ধে　iii. ঋণ আদায়ে সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
জমিলা বেগম তার এলাকার কয়েকজন কৃষকের সাথে একত্রে একটি খামার পরিচালনা করে। বছর শেষে তার জমি, অর্থ ও শ্রম বিনিয়োগের অনুপাতে লভ্যাংশ ভাগ করে নিল।

**২১. জমিলা বেগমের খামার কোন প্রকৃতির?**
ক রাষ্ট্রীয় খামার　খ বিশেষায়িত খামার
গ জীবন নির্বাহী খামার　ঘ সমবায় খামার

**২২. সমবায় গঠনের মূল উদ্দেশ্য হলো–**
i. সমউদ্দেশ্যে ঐক্যবদ্ধ হওয়া
ii. জমি ও অর্থ সমবায়ে যুক্ত করা
iii. অধিক লাভবান হওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**২৩. বাংলাদেশে প্রথম কত সালে বনায়ন কর্মসূচি শুরু হয়?**
ক ১৮৭২　খ ১৮৭৩　গ ১৮৭০　ঘ ১৯৭৩

**২৪. বনের পরিবেশগত গুরুত্ব কোনটি?**
ক উদ্ভিদের প্রস্বেদন হার বৃদ্ধি করে
খ বায়ুমণ্ডলে জলীয় বাষ্পের পরিমাণ কমায়
গ আবাদি জমির পরিমাণ কমায়
ঘ ভূগর্ভস্থ পানির পরিমাণ কমায়

**২৫. কৃষি ও বৃক্ষ মেলার উদ্দেশ্য হলো–**
i. কৃষি প্রযুক্তি ও বৃক্ষ সম্বন্ধে জনগণকে অবহিত করা
ii. বৃক্ষ ও কৃষির অবদান উপস্থাপন
iii. উন্নত প্রযুক্তি ব্যবহারে উৎসাহিত করা
**নিচের কোনটি সঠিক?**
ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | খ |
| ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | | |

http://teachingbd.com